# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৬১৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬১৬]

পর্ব-২০: তাহাজ্জুদ এবং দিনের নফল সালাত (كتاب قيام الليل وتطوع النهار)

পরিচ্ছেদঃ ৭: সফরকালীন সময়ে রাতে সালাত আদায় করার ফযীলত

## باب فَضْلِ صَلاَةِ اللَّيْلِ فِي السَّفَرِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قال: حَدَّثَنَا مُحَمَّدٌ، قال: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ مَنْصُورٍ، قال: سَمِعْتُ رِبْعِيًّا، عَنْ زَيْدِ بْنِ ظَبْيَانَ رَفَعَهُ إِلَى أَبِي ذَرٍّ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: ثَلَاثَةٌ يُحِبُّهُمُ اللَّهُ عَزَّ وَجَلَّ، رَجُلٌ أَتَى قَوْمًا فَسَأَلَهُمْ بِاللَّهِ وَلَمْ يَسْأَلْهُمْ بِقَرَابَةٍ بَيْنَهُ وَبَيْنَهُمْ فَمَنَعُوهُ، فَتَخَلَّفَهُمْ رَجُلٌ بِأَعْقَابِهِمْ فَأَعْطَاهُ سِرًّا لَا يَعْلَمُ بِعَطِيَّتِهِ إِلَّا اللَّهُ عَزَّ وَجَلَّ وَالَّذِي أَعْطَاهُ، وَقَوْمٌ سَارُوا لَيْلَتَهُمْ حَتَّى إِذَا كَانَ النَّوْمُ أَحَبَّ إِلَيْهِمْ مِمَّا يُعْدَلُ بِهِ نَزَلُوا فَوَضَعُوا رُءُوسَهُمْ، فَقَامَ يَتَمَلَّقُنِي وَيَتْلُو آيَاتِي، وَرَجُلٌ كَانَ فِي سَرِيَّةٍ فَلَقُوا الْعَدُوَّ فَانْهَزَمُوا فَأَقْبَلَ بِصَدْرِهِ حَتَّى يُقْتَلَ أَوْ يُفْتَحَ لَهُ .

تخریج دارالدعوہ: سنن الترمذی/صفة الجنة ٢٥ (٢٥٦٨)، (تحفة الأشراف: ١١٩١٣)، مسند احمد ٥/١٥٣، ویأتی عند المؤلف برقم: ٢٥٧١ (کلھم بسیاق فیہ زیادة) (ضعیف) (اس کے راوی ” زیدبن ظبیان “ لین الحدیث ہیں)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1616 ـ ضعيف

বাংলা

১৬১৫. মুহাম্মাদ ইবনুল মুসান্না (রহ.) ..... আবূ যার (রাঃ)-এর সূত্রে নবী (সা.) হতে বর্ণিত। তিনি বলেন, তিন ব্যক্তিকে আল্লাহ তা'আলা ভালবাসেন। (১) ঐ ব্যক্তিকে যে ব্যক্তি কোন সম্প্রদায়ের কাছে এসে আল্লাহর ওয়াস্তে সাহায্য চায়; তার এবং উক্ত সম্প্রদায়ের মধ্যকার কোন আত্মীয়তার সম্বন্ধের দোহাই দিয়ে সাহায্য চায় না। সম্প্রদায়ের লোকেরা তাকে সাহায্য দানে অস্বীকৃতি জানায় কিন্তু (তাদের মধ্য থেকে) এক ব্যক্তি তাদের পিছন

থেকে গিয়ে তাকে গোপনে কিছু দান করে। তার দান সম্পর্কে আল্লাহ তা'আলা এবং গ্রহীতা ব্যক্তি ব্যতীত অন্য কেউ অবগত হয় না। (২) ঐ ব্যক্তি যখন তার সহযাত্রীগণ রাতে সফর করে, ঘুম যখন তাদের কাছে অধিক প্রিয় হয়ে দাঁড়ায় এবং তারা সফর ক্ষান্ত দিয়ে ঘুমায়, তখন সে জাগ্রত হয়ে আমার (আল্লাহ তা'আলা) দরবারে কায়মনোবাক্যে কান্নাকাটি করে দু'আ করে এবং আমার কুরআন কারীমের আয়াত তিলাওয়াত করে। (৩) ঐ ব্যক্তি যে কোন সেনা দলের সাথে যুদ্ধে গিয়ে শত্রুবাহিনীর মুকাবিলা হওয়ার পর স্বীয় বাহিনী পরাজিত পরও সে সামনে অগ্রসর হয়ে শহীদ হয় অথবা বিজয়ী হয়।

## English

The virtue of night prayer while traveling

It was narrated from Zaid bin Zabyan who attributed it to Abu Dharr that: The Prophet (ﷺ) said: There are three whom Allah (SWT) loves: A man who comes to some people and asks (to be given something) for the sake of Allah and not for the sake of their relationship, but they do not give him, so a man stayed behind and gave it to him in secret, and no one knew of his giving except Allah (SWT) and the one to whom he gave it. People who travel all night until sleep becomes dearer to them than anything equated with it, so they lay down their heads (and slept), then a man among them got up and started praying to Me and beseeching Me, reciting My Verses. And a man who was on a campaign and met the enemy and they fled, but he went forward (pursuing them) until he was killed or victory was granted.

ফুটনোট

যইফঃ তিরমিযী ২৫৬৮ মুসনাদে আহমাদ ২১৩৯৩, সহীহ ইবনু খুযায়মাহ ২৪৫৬। শায়খ আলবানী (রহ.) হাদীসটিকে য'ঈফ বলেছেন; মিশকাত ১৯২২

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90111

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন